

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (ক) পবিত্রতা বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. ওযুর আগের দোয়া

ওযূর পূর্বে পাঠের জন্য প্রচলিত একটি দুআ ::

بِسْمِ اللهِ الْعَلِيِّ الْعَظِيْمِ وَالْحَمْدُ للهِ عَلَى دِيْنِ الْإِسْلاَمِ، الإِسْلاَمُ حَقَّ وَالْكُفْرُ بَاطِلٌ وَالإِسْلاَمُ نُوْرٌ وَالْكُفْرُ ظُلُمَةً এ দোয়াটি বানোয়াট। বিভিন্ন হাদীসে ওযুর পূর্বে 'বিসমিল্লাহ' পাঠ করার নির্দেশ দেয়া হয়েছে। একটি হাদীসে 'বিসমিল্লাহ ওয়া আল-হামদু লিল্লাহ' (আল্লাহর নামে ও প্রশংসা আল্লাহ নিমিত্ত) বলার উৎসাহ দেয়া হয়েছে। তবে উপরের দোয়াটির কথা কোনো হাদীসে আছে বলে জানা যায় না।

## ফুটনোট

[1] মাও. গোলাম রহমান, মকছুদোল মো'মেনীন, পৃ. ১২৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4917

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন